

সদরঘাটে লঞ্ছের রশি ছিঁড়ে যাত্রীদের হতাহতের ঘটনায় নৌপরিবহন প্রতিমন্ত্রীর শোক প্রকাশ;
দোষীদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করা হবে-নৌপরিবহন প্রতিমন্ত্রী

ঢাকা, ১১ এপ্রিল ২০২৪;

আজ সদরঘাটে লঞ্ছের রশি ছিঁড়ে রশির আঘাতে পনটুনে থাকা ৫ জন যাত্রী নিহত হওয়ার ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি।

প্রতিমন্ত্রী আজ এক শোকবার্তায় নিহতদের আত্মার শান্তি কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। তিনি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। প্রতিমন্ত্রী জানান, দোষীদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করা হবে।

মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪